অবিলম্বে প্রকাশের জন্য: 1/9/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পুরো নিউ ইয়র্ক স্টেটে প্রায় 1,300টি গৃহস্থালিকে সাহায্য করার জন্য 68 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

বাড়ির মালিক, সিনিয়র, ভেটেরানদের সাহায্য করার জন্য স্থানীয় সরকার এবং ননপ্রফিটগুলিকে অনুদানের তহবিল দেওয়া হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ঘোষণা করেছেন যে পুরো স্টেটের প্রায় 1,300টি কম থেকে মাঝারি আয়ের গৃহস্থালিকে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক (New York) 68 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করছে। নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal, HCR) মাধ্যমে দেওয়া এই অনুদানগুলি বয়স্ক ব্যক্তি এবং ভেটেরানসহ ব্যক্তি ও পরিবারকে আর্থিক সমর্থন দিবে যাতে তারা অ্যাক্সেসিবিলিটির উন্নয়ন করতে, জরুরি মেরামতের কাজ শেষ করতে, ম্যানুফ্যাকচার্ড হোম বদলে দিতে, এবং ভাড়ার সহায়তা পেতে, এবং সেই সাথে প্রথমবার বাড়ি কেনার সময় ডাউন পেমেন্টের ক্ষেত্রে সাহায্য পেতে পারেন। আজকের ঘোষণাটি হলো গভর্নর Hochul-এর (হোকল) 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক হাউজিং প্ল্যানের)Housing Plan) অংশ যা পুরো স্টেটে 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করার লক্ষ্যে সঠিক পথে আছে।

"হাউজিংয়ের সঙ্কটের সমাধান করার অর্থ শুধু মানুষের থাকার জন্য নতুন স্থান তৈরি করা না," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "68 মিলিয়ন মার্কিন ডলারের বেশি এই বিনিয়োগ দিয়ে আমরা প্রায় 1,300 ব্যক্তি ও পরিবারকে এমন মেরামত ও উন্নয়ন করতে সাহায্য করবো যা বর্তমানে ও ভবিষ্যতে নিরাপদে ও সুরক্ষিতভাবে বাড়িতে থাকতে তাদের প্রয়োজন।"

অঞ্চল এবং প্রভাবিত হাউজিং ইউনিটের ভিত্তিতে দেওয়া অর্থের পরিমাণ:

- **ক্যাপিটাল রিজিয়ন:** 201টি বাসার জন্য 12,710,000 মার্কিন ডলার
- **সেন্ট্রাল নিউ ইয়র্ক:** 67টি বাসার জন্য 4,418,000 মার্কিন ডলার
- **ফিঙ্গার লেকস:** 42টি বাসার জন্য 2,645,000 মার্কিন ডলার
- **লং আইল্যান্ড, নিউ ইয়র্ক সিটি:** 105টি বাসার জন্য 2,800,000 মার্কিন ডলার
- **মিড-হাডসন:** 85টি বাসার জন্য 5,874,135 মার্কিন ডলার
- **মোহক ভ্যালি:** 151টি বাসার জন্য 6,229,828 মার্কিন ডলার
- **নর্থ কান্ট্রি:** 270টি বাসার জন্য 16,980,361 মার্কিন ডলার

- **সাউদার্ন টিয়ার:** 191টি বাসার জন্য 12,775,091 মার্কিন ডলার
- **ওয়েস্টার্ন নিউ ইয়র্ক:** 92টি বাসার জন্য 2,458,000 মার্কিন ডলার
- **মিলিত অঞ্চল:** 72টি বাসার জন্য 1,650,000 মার্কিন ডলার

এই অর্থ স্টেটের এবং ফেডারেল তহবিল পাওয়া প্রোগ্রামের মাধ্যমে দেওয়া হচ্ছে: NYS HOME; NYS Community Development Block অনুদান; Access to Home; Access to Home for Heroes; Access to Home for Medicaid; Mobile and Manufactured Home Replacement; এবং RESTORE।

HCR-এর অফিস অফ কমিউনিটি রিনিউয়াল (Office of Community Renewal) সরাসরি মিউনিসিপ্যালিটি এবং স্থানীয় ননপ্রফিট অর্গানাইজেশনগুলিকে এই অনুদান তহবিল দিয়ে থাকে। যোগ্য গৃহস্থালিগুলি সাহায্যের জন্য আবেদন করতে পারবে। প্রতিটি প্রোগ্রাম একটি বার্ষিক প্রতিযোগিতামূলক তহবিলের রাউন্ডে আবেদন গ্রহণ করে। সম্ভাব্য বেনিফিশিয়ারিদের উচিত কী কী অনুদান আছে সে সম্পর্কে আরো জানার জন্য একটি বিশেষ এলাকায় সেবাদানকারী অর্থপ্রাপ্তদের সাথে যোগাযোগ করা।

যারা অর্থ পেয়েছেন তাদের একটি সম্পূর্ণ তালিকা hcr.ny.gov/funding-awards-এ পাওয়া যাবে।

- **NYS HOME** তহবিল একক পরিবারের হাউজিং পেতে এবং/অথবা পুনর্বাসন করতে, ডাউন পেমেন্টের ক্ষেত্রে সাহায্য দিতে, জরাজীর্ণ মোবাইল এবং ম্যানুফ্যাকচার্ড হোম বদলে দিতে এবং একই সাথে এলাকার মিডিয়াম আয়ের (Area Median Income) 80 শতাংশ বা তার কম আয়ের গৃহস্থালিগুলকে ভাড়াটিয়াভিত্তিক ভাড়ার সাহায্য দিতে ব্যবহার করা যেতে পারে।
- **NYS Community Development Block অনুদান** কমিউনিটির উন্নয়ন করে এমন প্রজেক্টের জন্য স্থানীয়দের সাহায্য করতে ফেডারেল তহবিল দেয়। মালিক বাস করে বা ভাড়াটিয়া বাস করে এমন বাসার পুনর্বাসনের জন্য, এবং বেসরকারি পানি/বর্জ্যপানির ব্যবস্থার সাহায্যের জন্য হাউজিংয়ের অনুদান ব্যবহার করা যেতে পারে।
- **Access to Home** ডিজেবিলিটিসহ মানুষের জন্য বাসাকে অ্যাক্সেসিবল করতে আর্থিক সাহায্য দিয়ে থাকে যাতে তারা নিজদের বাসায় নিরাপদে বাস করতে পারেন বা একটি প্রাতিষ্ঠানিক স্থানে থাকার বদলে নিজেদের বাড়িতে বাস করার জন্য ফিরে আসতে পারেন।
- **Access to Home for Heroes** ডিজেবিলিটিসহ ভেটেরানদের জন্য বাসাকে অ্যাক্সেসিবল বানাতে আর্থিক সাহায্য দেয়।
- **Access to Home for Medicaid** ডিজেবিলিটিসহ মেডিকেইডের (Medicaid) সদস্যদের জন্য আবাসিক ইউনিটকে অ্যাক্সেসিবল করতে আর্থিক সাহায্য দিয়ে থাকে।
- **Mobile and Manufactured Home Replacement** প্রোগ্রামটি বাড়ির মালিকের মালিকানার জমিতে অবস্থিত জরাজীর্ণ মোবাইল বা ম্যানুফ্যাকচার্ড হোমের বদলে একটি নতুন ম্যানুফ্যাকচার্ড, মডুলার, বা সাইটে নির্মিত বাসা পেতে বাড়ির মালিকদেরকে সাহায্য করে।

- **RESTORE** বয়স্ক ব্যক্তিদের জরুরি মেরামত করতে এবং তাদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে ঝুঁকিগ্রস্ত করে বা বাসার বাসযোগ্যতাকে প্রভাবিত করে এমন কোড লঙ্ঘনের সমাধান করতে সাহায্য করার জন্য আর্থিক রিসোর্স দেয়।

নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিস্নাউস্কাস) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের অধীনে, আমরা শুধু হাউজিং তৈরি করছি না বরং এছাড়াও বয়স্ক ব্যক্তি, ভেটেরান, এবং বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদেরকে নিজেদের বাসায় এবং তাদের পছন্দের কমিউনিটিতে থাকার একটি সুযোগ দিচ্ছি। আমাদের 68 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগটি প্রায় 1,300 গৃহস্থালিকে জরুরি মেরামত করতে, অ্যাক্সেসিবিলিটির উন্নয়ন করতে, এবং এমনকি ব্যক্তিদেরকে তাদের প্রথম বাসা কিনতে সাহায্যও করবে। অনেক বেশি নিউ ইয়র্কবাসীকে একটি গুরুত্বপূর্ণ লাইফলাইন দিতে আমাদেরকে সাহায্য করার জন্য আমাদের অনেক সরকারি এবং ননপ্রফিট পার্টনারদের ধন্যবাদ।"

অ্যাসেম্বলির সদস্য Linda B. Rosenthal (লিন্ডা বি রোজেনথাল) বলেন, "যে 68 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দেওয়া হচ্ছে যা পুরো স্টেটের কমিউনিটিগুলিতে সাশ্রয়ী হাউজিং তৈরি এবং সংরক্ষণ করতে অনেক সাহায্য করবে। গভর্নর Hochul-এর (হোকল) পাঁচ বছরের সাশ্রয়ী হাউজিং প্ল্যানের অংশ হিসেবে আমাদের স্টেট বাজেটে যোগ করা এই তহবিলটি আর্থিকভাবে টিকে থাকতে হিমশিম খাওয়া কয়েকশত কম এবং মাঝারি আয়ের গৃহস্থালিকে একটি লাইফলাইন দিবে। বাসা বলার মতো একটি নিরাপদ এবং স্থিতিশীল স্থান প্রত্যেক নিউ ইয়র্কবাসীর প্রাপ্য এবং এই বিনিয়োগটি আমাদেরকে সেই লক্ষ্যের আরেক ধাপ কাছে নিয়ে যাবে।"

গভর্নর Hochul (হোকল)-এর আবাসন এজেন্ডা

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধান করতে এবং স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সাশ্রয়ী ও আরো বাসযোগ্য করার ব্যাপারে নিবেদিত। ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2025 সালের পাশ করা বাজেটের অংশ হিসেবে, গভর্নর নতুন ট্যাক্স ইন্সেন্টিভ, ক্যাপিটাল তহবিল, এবং ভাড়াটিয়া এবং বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা দেওয়ার মাধ্যমে নিউ ইয়র্কের হাউজিং সাপ্লাই বাড়ানোর জন্য একটি ল্যান্ডমার্ক চুক্তি নিশ্চিত করেছেন। এই প্রতিশ্রুতির ভিত্তিতে, ফিসক্যাল ইয়ার 2026 পাশ করা বাজেটে হাউজিংয়ের জন্য 1.5 বিলিয়ন মার্কিন ডলারের বেশি নতুন স্টেট তহবিল, একটি Housing Access Voucher পাইলট প্রোগ্রাম, এবং ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য ক্রয়ক্ষমতা বাড়িয়ে নতুন পলিসি আছে। এই ব্যবস্থাগুলি গভর্নরের পাঁচ বছরের, 25 বিলিয়ন মার্কিন ডলারের হাউজিং প্ল্যানের সহায়ক, যা পুরো স্টেটে 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করার জন্য ফিসক্যাল ইয়ার 2023 পাশ করা বাজেটে যোগ করা হয়েছে, এর মধ্যে দুর্বল মানুষের জন্য সমর্থক সেবাসহ 10,000টি বাসা আছে এবং এছাড়াও 50,000টি বাড়ির ইলেক্ট্রিফিকেশন করা হবে। এ পর্যন্ত 70,000-এর বেশি বাড়ি তৈরি বা সংরক্ষিত হয়েছে।

অর্থবছর 25 এবং অর্থবছর 26 কার্যকর বাজেটগুলি গভর্নরের প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রামকেও শক্তিশালী করেছে (Pro-Housing Community Program) — যা সার্টিফাইড স্থানীয়

এলাকাগুলিকে 750 মিলিয়ন মার্কিন ডলারের অবাধ স্টেট অর্থায়নে একচেটিয়া অ্যাক্সেসের সুযোগ দেয়। প্রায় 400টি কমিউনিটি প্রো-হাউজিং সার্টিফিকেশন পেয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন